

পরিশিষ্ট-দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
উপকরণ ও সরবরাহ ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- পপঅ/উঃও সঃ/২০১২/৯২৯

তারিখ: ১২/৮/১২

বিষয় : ৭-বি রিপোর্ট এবং মাঠকর্মীদের (এমআইএস-১ ও এমআইএস-২, এমআইএস-৩) রিপোর্টের গরমিল সমন্বয়।

বাংলাদেশ পরিবার পরিকল্পনা কর্মসূচির লজিস্টিকস্ ব্যবস্থাপনার Logistics Management Information Systems (LMIS) একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ব্যবস্থা হিসেবে সর্বত্র স্বীকৃত। এক্ষেত্রে মাঠ এবং উপজেলা পর্যায়ে প্রস্তুতকৃত মাসিক লজিস্টিকস্ প্রতিবেদনের সঠিকতা নিরূপণ করা খুবই জরুরি, বিশেষ করে মাঠ কর্মীদের রিপোর্ট যদি সঠিক না হয় তাহলে ৭-বি রিপোর্টও সঠিক হতে পারে না। কারণ, মাঠকর্মীদের রিপোর্টের ভিত্তিতেই ৭-বি রিপোর্টের ফিল্ড সেকশন তৈরি করতে হয়। তাই এটি মাঠকর্মীদের রিপোর্টের সাথে সঙ্গতি রেখে হতে হবে নির্ভুল।

কিন্তু বেশ কিছু উপজেলার ৭-বি রিপোর্ট পর্যালোচনা করে দেখা গেছে মাঠকর্মীদের রিপোর্টের সাথে ৭-বি রিপোর্টের ফিল্ড সেকশনের পূর্বের মজুদ ও শেষ মজুদের গরমিল রয়েছে। এটা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, প্রতিটি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণকে স্ব-স্ব উপজেলার মাঠ পর্যায়ের রিপোর্ট যাচাই বাছাই ও সঠিকতা নিরূপণ করে সে অনুযায়ী উপজেলা ৭-বি রিপোর্ট সংশোধন করার নির্দেশ প্রদান করা হলো।

রিপোর্ট সংশোধনের জন্য নিম্নবর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করা যেতে পারেঃ

১. একটি নির্দিষ্ট মাসের শেষ কর্মদিবসে পরিবার কল্যাণ সহকারীদের (FWA) রেজিস্টার, গত মাসে যে ইস্যু ভাউচারের মাধ্যমে উপজেলা স্টোর হতে দ্রব্যাদি গ্রহণ করেছে তার কপি, গত মাসের এমআইএস-১ রিপোর্টের কপি এবং তাদের কাছে যে পরিমাণ দ্রব্য মজুদ আছে, সেগুলো নিয়ে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে আসার নির্দেশ প্রদান করবেন। এছাড়া পরিবার পরিকল্পনা পরিদর্শকগণও (FPI) তাদের স্ব-স্ব ইউনিয়নের এমআইএস-২ রিপোর্ট নিয়ে উপস্থিত থাকবেন।
২. একইভাবে পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) ও যে সকল অসরকারি সংস্থা (NGO) উপজেলা পরিবার পরিকল্পনা স্টোর হতে জন্মনিরোধক সামগ্রী গ্রহণ করে থাকেন তারাও এমআইএস-৩, তাদের স্টক রেজিস্টার নিয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে উপস্থিত থাকবেন।
৩. ঐদিন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তার (এমসিএইচ-এফপি) সমন্বয়ে গঠিত কমিটি মাঠকর্মীদের এমআইএস-১, এমআইএস-৩, রিপোর্টে ও রেজিস্টারে লিপিবদ্ধ শেষ মজুদের সাথে তাদের কাছে রক্ষিত বাস্তব মজুদ মিলিয়ে দেখবেন। বাস্তব মজুদের সাথে যদি রেজিস্টার ও রিপোর্টে উল্লিখিত শেষ মজুদের মধ্যে গরমিল দেখা যায় তাহলে বাস্তব মজুদকে ভিত্তি করে সমন্বয় সাধনপূর্বক রেকর্ড ও রিপোর্ট সংশোধন করে দিবেন এবং এরপর হতে সংশোধিত শেষ মজুদের ভিত্তিতে পরবর্তী রেকর্ডিং ও রিপোর্টিং করার নির্দেশ প্রদান করবেন।
৪. উপজেলা স্টোর ৭বি রিপোর্ট প্রস্তুতের সময় সংকলন শীট এ (Compilation Sheet) প্রত্যেক পরিবার কল্যাণ সহকারী, পরিবার কল্যাণ পরিদর্শিকা ও এনজিওদের দাখিলকৃত এলএমআইএস রিপোর্টের তথ্য সংকলিত করবেন এবং সংকলিত তথ্যের ভিত্তিতে ৭বি রিপোর্টের ফিল্ড সেকশন পূরণ করবেন। উপজেলা স্টোরের ICR এর তথ্যের ভিত্তিতে ৭বি রিপোর্টের উপজেলা অংশ পূরণ করবেন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মাঝে মাঝে ICR ও ৭বি রিপোর্টের অবশিষ্ট মজুদের সাথে স্টোরের বাস্তব মজুদ মিলিয়ে দেখবেন। বাস্তব মজুদের সাথে ICR ও ৭বি রিপোর্টের মজুদের গরমিল দেখা দিলে গরমিলের কারণ উদ্ঘাটন করে তা সংশোধন করবেন।

আশা করা যায়, উপরোক্ত পদক্ষেপগুলো সঠিকভাবে অনুসরণ করলে ৭বি রিপোর্টের সাথে মাঠকর্মীদের রিপোর্টের কোনো গরমিল থাকবে না এবং রিপোর্টেড ও রেকর্ডেড মজুদের সাথে বাস্তব মজুদের মিল থাকবে।

স্বাক্ষরিত

(মো: কফিল উদ্দিন)

পরিচালক (উপকরণ ও সরবরাহ) এবং

লাইন ডাইরেক্টর, সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ ব্যবস্থাপনা

স্মারক নং: পপঅ/উঃ ও সঃ/২০১২/৯২৯ (২৯৮৪)

তারিখ: ১২/৮/২০১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে:

- ১। পরিচালক (প্রশাসন)/(অর্থ)/(এমসিএইচ-সার্ভিসেস)/(এমআইএস)/(আইইএম)/(নিরীক্ষা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর (এফএসডিপি)/(সিসিএসডিপি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৩। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর, পরিবার পরিকল্পনা কার্যালয়।
- ৪। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল)
- ৫। কেন্দ্রীয় সরবরাহ কর্মকর্তা/আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা/সরবরাহ কর্মকর্তা, পরিবার পরিকল্পনা (সকল).....।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....।
- ৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....।
- ৮। মেডিকেল অফিসার, এমসিএইচ-এফপি (সকল).....।
- ৯। উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....।
- ১০। সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা, এমসিএইচ-এফপি (সকল).....।
- ১১। উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরকিপার/ফার্মাসিস্ট, (সকল).....।
- ১২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ১৩। পরিচালকের (উপকরণ ও সরবরাহ) ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ১৪। অতিরিক্ত পরিচালকের (ড্রাগস এন্ড স্টোরস) ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।

স্বাক্ষরিত

(মোঃ সাইফুল ইসলাম)

অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস)

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা